দৈনিক
জনকণ্ঠ

তারিখ ... 05 JUL 2005
পৃষ্ঠা ... ১২ ... কলাম ...

# শিক্ষা অধিদফতর ফের এমপিওভুক্তির দায়িত্ব পেয়েছে

**স্টাফ রিপোর্টার ॥** দীর্ঘদিন বন্ধ থাকার পর বেসরকারী শিক্ষক এমপিওভুক্তির কাজ আবারও শুরু হতে যাচ্ছে। তবে শিক্ষা মন্ত্রণালয় নয়, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতর মন্ত্রণালয়ের পরামর্শে আগের মতোই এমপিওভুক্তির কাজ সম্পন্ন করবে। আইনী জটিলতায় আটকেপড়া এই প্রক্রিয়া শুরু হলে আবেদনকারী প্রায় ২২ হাজার স্কুল, কলেজ ও মাদ্রাসা শিক্ষকের দুর্ভোগের অবসান হবে।

জানা যায়, গত ১৬ মার্চ শিক্ষা মন্ত্রণালয় সিদ্ধান্ত নেয়, এমপিওভুক্তির কাজ শিক্ষা মন্ত্রণালয় সরাসরি তদারক করবে। এমপিওভুক্তি নিয়ে দুর্নীতি ও অনিয়ম বন্ধে এই সিদ্ধান্ত নেয়া হয়। এ লক্ষ্যে একজন যুগ্ম সচিবকে প্রধান করে যাচাই-বাছাই কমিটি গঠন করা হয়েছিল। অধিদফতর

(১১- পৃষ্ঠা ৫-এর কঃ দেখুন)

## শিক্ষা অধিদফতর (১২-এর পাতার পর)

থেকে নেয়া হয় অভিজ্ঞ জনবল। বিষয়টি চ্যালেঞ্জ করে একজন শিক্ষক উচ্চ আদালতে রিট আবেদন করলে আদালত এমপিওভুক্তির কাজ অধিদফতর থেকে মন্ত্রণালয় নেবার সিদ্ধান্ত স্থগিত করে এবং কেন এই সিদ্ধান্ত স্থগিত করা হবে না সে মর্মে সংশ্লিষ্টদের কারণ দর্শানোর নির্দেশ দেয়। আইনী এই প্রক্রিয়ায় বন্ধ হয়ে যায় এমপিওভুক্তি কার্যক্রম। এদিকে এমপিওভুক্তির জন্য প্রায় ২২ হাজার আবেদন জমা পড়েছে।

গত ২ জুলাই শিক্ষা মন্ত্রণালয় এক প্রজ্ঞাপনে রিট মামলার নিষ্পত্তি না হওয়া পর্যন্ত মন্ত্রণালয়ের যাচাই-বাছাই কমিটির কার্যক্রম স্থগিত রাখার কথা জানিয়েছে। এদিকে গত শনিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদফতরে আয়োজিত এক অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক এবং শিক্ষা সচিব ফারুক আহমেদ সিদ্দিকী জানান, এমপিওভুক্তি নিয়ে আইনী জটিলতা আর নেই। আগের মতোই শিক্ষা অধিদফতর এসব কাজ সম্পন্ন করবে।